গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১৫৫-আইন/২০২৬/১০/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এবং কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস ডিউটি (Customs Duty), যে পরিমাণে মূল্যভিত্তিক ১০% (দশ শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি শুল্ক এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
38.02	3802.10.00	Activated carbon
39.17	3917.39.90	Flexible Hose pipe
39.20	3920.99.90	PE Protective Film /Protection Foil/Protective Film
40.16	4016.99.90	Leveling Foot
	4016.99.90	Rubber Mounting
68.05	6805.10.00	Grinding Wheels / Grinding Belt / Grinding Mop/ Grinding Fiber Disc / Abrasive Mop Disc for Grinding Machine
	6805.30.00	Grinding Wheels / Grinding Belt / Grinding Mop/ Grinding Fiber Disc / Abrasive Mop Disc for Grinding Machine
70.20	7020.00.90	Borosilicate Sight Glass (With or Without Bracket)
72.19	7219.11.00	Hot-Rolled Stainless Steel, In Coils, >=600mm By >10mm
	7219.12.00	Hot-Rolled Stainless Steel, In Coils, >=600mm By 4.75-10mm
	7219.13.00	Hot-Rolled Stainless Steel, In Coils, >=600mm By 3-4.75mm
	7219.21.00	Hot-Rolled Stainless Steel, Uncoiled, >=600mm By >10mm
	7219.22.00	Hot-Rolled Stainless Steel, Uncoiled, >=600mm By 4.75-10mm

Downloaded from www.taxvatpoint.com

	7219.23.00	Hot-Rolled Stainless Steel, Uncoiled, >=600mm By 3-4.75mm
	7219.24.00	Hot-Rolled Stainless Steel, Uncoiled, >=600mm By <3mm
	7219.31.00	Cold rolled sheet of a thickness of 4.75 mm or more
	7219.32.00	Cold rolled sheet of a thickness of 3 mm or more but less than 4.75mm
	7219.33.00	Cold rolled sheet of a thickness exceeding 1 mm but less than 3mm
	7219.90.00	Cold-Rolled Stainless Steel Coil, SS Sheet
72.22	7222.11.00	Bars and rods, not further worked than hot-rolled, hot-drawn or extruded-Stainless Steel Bar/Rod (Circular)
	7222.19.00	Bars and rods, not further worked than hot-rolled, hot-drawn or extruded-Stainless Steel Bar/Rod-Stainless Steel Bar/Rod (Non-Circular)
73.04	7304.39.00	Seamless Stainless Steel, Circular cross section; Tubes/Pipes
	7304.59.00	Mounting Rail
73.06	7306.40.00	Welded stainless steel tubes/pipes
73.07	7307.19.00	Solid end cap
	7307.23.00	Butt welding fittings
	7307.29.00	Tee pipe fittings
	7307.92.10	Bend 90°
73.18	7318.16.00	SS Bolt, Screw, Screw Hooks, Rivet, nuts and similar articles of Iron or steel
73.26	7326.90.90	Clamp Assembly
	7326.90.90	Other articles of iron or steel
83.02	8302.20.00	SS Casters Wheel/ Caster Wheel
84.14	8414.80.90	Air Blower
84.81	8481.10.19	Pressure Reducing Valve
	8481.10.19	Solenoid valve
	8481.30.19	Check valve (non return valve)
	8481.40.19	Pressure safety valve
	8481.80.29	Hand ball valve, needle valve, on/off valve, Temperature control valve, I/P Converter temperature control valve
	8481.80.90	Hand ball valve, needle valve, on/off valve, Temperature control valve, I/P Converter temperature control valve (Dia>1 inch)
85.04	8504.40.30	VFD/Inverter
85.31	8531.90.00	Signaling Columna
85.36	8536.50.00	Other Switches, Level Switch, Flow Switch, Instrument Air Pressure Switch, Pressure Switch
85.37	8537.10.90	Multicell Transmitter
	8537.10.90	Programmable Logic Controller (PLC)
85.38	8538.90.00	Digital/ Input/Output Module Communication Module Server Module

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

85.44	8544.42.00	Cable fitted with connector
90.33	9033.00.90	Weighing Terminal.

শর্তাবলি

(১) এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতি সুবিধা কেবল সেই সকল উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যাহারা এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত প্রতিপালনপূর্বক আমদানিকৃত উপকরণ ব্যবহার করিয়া ঔষধ অথবা ঔষধের কাঁচামাল উৎপাদনকারী, খাদ্য ও বেভারেজ শিল্পে প্রয়োজনীয় বায়োহাইজিন মেশিনারিজ বা ইক্যুইপমেন্ট স্থানীয়ভাবে উৎপাদন করিয়া থাকেন;

(২) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant বায়োহাইজিন মেশিনারিজ বা ইক্যুইপমেন্ট উৎপাদনকারী হিসাবে নিবন্ধিত হইতে হইবে;

ব্যাখ্যা।-

(অ) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(৩) প্রতি একক বায়োহাইজিন ইক্যুইপমেন্ট উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কী কী উপকরণ কী পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **পরিশিষ্ট** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে। কমিশনার উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত প্রদান করিবেন। উক্ত অনুমোদিত সহগের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৪) আমদানিকৃত উপকরণ ফার্মাগ্রেড বা ফুডগ্রেড পানি উৎপাদনকারী যন্ত্র উৎপাদন ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করা যাইবে না।

Downloaded from www.taxvatpoint.com

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত উপকরণ **পরিশিষ্ট** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক বায়োহাইজিন ইক্যুইপমেন্ট উৎপাদন করা হইতেছে কিনা উহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীন সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিন পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

৩। কোনো উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর বিধান অনুযায়ী ও প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৪। ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ মোতাবেক ২৯ মে, ২০২৫ তারিখে জারীকৃত এস.আর.ও. নং ২০৯-আইন/২০২৫/৩১/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৫। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

পরিশিষ্ট

[শর্ত (৩) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

বায়োহাইজিন ইক্যুইপমেন্ট তৈরির উপকরণ বা কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

ক্রমিক নং	পণ্যের নাম ও H.S Code	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ এর নাম (H.S Code সহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের
প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/স্বত্বাধিকারীর
নাম:
স্বাক্ষর :
তারিখ :

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com